সংবাদ

তারিখ 07 NOV 2016
পৃষ্ঠা ৪ কলাম ২

### নকলে সহযোগিতা করার অভিযোগ

# চৌগাছায় কেন্দ্রসচিবসহ ৩ শিক্ষক বরখাস্ত

**যশোর অফিস**

যশোরের চৌগাছায় জেএসসি পরীক্ষায় নকলে সহযোগিতা করার অপরাধে কেন্দ্র সচিবসহ তিন শিক্ষককে বরখাস্ত এবং অন্য এক শিক্ষককে আটক করা হয়েছে। রোববার পরীক্ষা চলাকালে যশোরের অতিরিক্ত ডেপুটি কমিশনার (শিক্ষা) পারভেজ হাসান শিক্ষকদের বরখাস্ত ও আটকের নির্দেশ দেন। এডিসি পারভেজ হাসান জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারেন- জেএসসি পরীক্ষার চৌগাছা ছারা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্র ব্যাপক নকল হচ্ছে। এ সংবাদের ভিত্তিতে রোববার বেলা ১১টার দিকে তিনি ওই কেন্দ্রে হাজির হন। এ সময় তিনি চৌগাছা হাজী সরদার মর্ত্তোজ আলী মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক নাজমুল হাসান নান্নুকে নকলসহ হাতনাতে ধরে পুলিশের হাতে তুলে দেন। একই সময় তিনি সেখানে নকল সরবরাহ করার অভিযোগে কেন্দ্রসচিব লুৎফুন্নেছা মোয়াজ্জেদা, হাজী সরদার মর্ত্তোজ আলী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক গোলাম রব্বানী ও মনিরুল ইসলামকে বরখাস্ত করেন।

এ ব্যাপারে জানতে চাইলে যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাধব চন্দ্র রুদ্র বলেন, তাদের পরীক্ষা সংক্রান্ত কর্তব্য থেকে আজীবনের জন্য অব্যাহতি দেয়া হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার নার্গিস পারভীন বলেন, শিক্ষক নাজমুল হাসান নান্নুকে পুলিশ হেফাজতে রাখা হয়েছে। ওই শিক্ষকের মোবাইল ফোনে মেয়েদের বহু নগ্ন ছবি রয়েছে। তিনি কখন পড়ান আর কখন ছবি দেখেন তা তিনিই ভালো জানেন। চৌগাছা থানার ওসি এম মসিউর রহমান শিক্ষক নাজমুল হাসানের আটকের সত্যতা স্বীকার করেন।

হাজী সরদার মর্ত্তোজ আলী মাধ্যমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন চৌগাছা উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এসএম হাবিবুর রহমান তার বাবার নামে এবং আটক শিক্ষক নাজমুল হাসান সম্পর্কে তার (উপজেলা চেয়ারম্যান) ভাগনে।